গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৬৬.১৪-১৩৮

তারিখঃ ২৬ ফাল্গুন ১৪২৬ ব. / ১০ মার্চ ২০২০ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-১১২৫০/২০১২ মামলায় (যে মামলা হতে কনটেম্পট পিটিশন নং-৭৩৪/২০১৯ উদ্ভুত) মহামান্য হাইকোর্ট কর্তৃক ১৩.১১.১৪ তারিখে প্রদত্ত রায়/নির্দেশনা অনুযায়ী লালমনিরহাট জেলার কালীগঞ্জ উপজেলাধীন চাঁপারহাট টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজে-এর এসএসসি (ভোকেশনাল) শাখা সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীদেরকে ০১/০১/২০১০ হতে জুলাই/১৭ পর্যন্ত সময়ের বকেয়া বেতন-ভাতা'র সরকারি অংশ (এমপিও) বর্তমান বাজেট হতে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্র:
(১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/১৮৪, তারিখ: ০৬/৫/২০১০ খ্রি.
(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/২০৯, তারিখ: ৩১/৫/২০১০ খ্রি.
(৩) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/২২৯, তারিখ: ১৬/৬/২০১০ খ্রি.
(৪) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৩১.০৪.৫৫৪.১২-২৫৯, তারিখ: ০৪/৫/২০১৫ খ্রি.
(৫) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৪.২৯.০০৩.১৫(অংশ-২).২৭৬ তারিখ: ০৭/০৬/২০১৬ খ্রি.
(৬) জনাব মো: আমানত উল্লাহ প্রধান এর আবেদন তারিখ: ১১/১০/২০১৭ খ্রি.
(৭) জনাব মো: আমানত উল্লাহ প্রধান এর আবেদন তারিখ: ১২/১০/২০১৯ খ্রি.
(৮) ডিটিই'র স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯৪.৩১.৮৯৫.১৫-১০৭০, তারিখ: ২১/১১/২০১৭ খ্রি.
(৯) ডিটিই'র স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৩৬.০৪.০০১.২০.৩০-১৮৬৮, তারিখ: ১৩/০২/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ০৬.৫.২০১০ তারিখে সূত্রোক্ত (১) ও (২) নং স্মারকমূলে লালমনিরহাট জেলার কালীগঞ্জ উপজেলাধীন চাঁপারহাট টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজটি নতুন এমপিওভুক্ত প্রতিষ্ঠান হিসেবে নির্বাচিত করা হয়।

২। পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয়ের ১৬/৬/২০১০ তারিখের সূত্রোক্ত (৩) স্মারকমূলে বর্ণিত প্রতিষ্ঠানটির (এসএসসি ভোকেশনাল শাখার নাম) এমপিও তালিকা থেকে বাতিল করা হয়।

৩। উক্ত প্রতিষ্ঠানটি এমপিও তালিকা বাদ পড়ায় উক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১১২৫০/১২ মামলা দায়ের করা হয়। মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্ত রিট মামলায় বিগত ১৩.১১.২০১৪ তারিখে প্রদত্ত রায়ের শেষাংশে নিম্নরূপ রায়/আদেশ প্রদান করা হয়-

"The respondents concerned are hereby directed to include the name of the said institution in the list of MPO for the financial year 2009-2010 provided it fulfills the requirements as stipulated in the "বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা" ২০১০, (in short, the Janabal Kathamo, 2010)", within a period of 90 (ninety) days from date of receipt of the copy of the judgment and order.

৪। উক্ত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষে আপিল দায়েরসহ রায় স্থগিতের ব্যবস্থা গ্রহণের জন্য অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় হতে ০৪/৫/২০১৫ তারিখে সূত্রোক্ত (৪) নং স্মারকমূলে ডিজি, ডিটিই-কে নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু উক্ত রায়ের বিরুদ্ধে আপিল দায়েরের কোন তথ্য পাওয়া যায়নি।

৫। পরবর্তীতে মহামান্য হাইকোর্ট বিভাগের নির্দেশনা অনুযায়ী বর্ণিত প্রতিষ্ঠানের অনুকূলে অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ০৭/০৬/২০১৬ খ্রি. তারিখে সূত্রোক্ত (৫) নং স্মারকমূলে (আদেশ জারীর তারিখ হতে কার্যকর হবে মর্মে) বর্ণিত প্রতিষ্ঠানের এসএসসি (ভোকেশনাল) স্তরটি এমপিওভুক্ত করার আদেশ জারি করা হয়।

৬। তদপ্রেক্ষিতে DTE কর্তৃক আগস্ট/১৭ মাসে বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীগণকে এমপিওভুক্ত করা হয়। কিন্তু মহামান্য হাইকোর্টের ১৩.১১.১৪ তারিখের আদেশে ২০০৯-২০১০ অর্থ বছর হতে প্রতিষ্ঠানটি এমপিওভুক্ত করার নির্দেশনা থাকা সত্ত্বেও প্রতিষ্ঠানটি উক্ত অর্থবছর হতে এমপিওভুক্ত করা হয়নি।

৭। পরবর্তীতে বর্ণিত প্রতিষ্ঠানের ট্রেড ইন্সট্রাক্টর (বিল্ডিং মেইনটেন্যান্স) জনাব আমানত উল্লাহ প্রধান ও ল্যাব এ্যাসিসট্যান্ট জনাব মো: মাহাবুবুর রহমান কর্তৃক ২০০৯-২০১০ হতে জুলাই/১৭ পর্যন্ত বকেয়া বেতন-ভাতাদি চেয়ে ডিজি, ডিটিই বরারব সূত্রোক্ত (৬) ও (৭) আবেদন দাখিল করা হয়। তৎপ্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয়ের এমপিও আদেশে বকেয়া বেতন-ভাতা প্রদানের নির্দেশ না থাকায় বকেয়া প্রদানের সুযোগ নেই মর্মে ডিটিই হতে গত ২০/১১/২০১৭ তারিখে সূত্রোক্ত (৮) নং স্মারকে উক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষ বরারব পত্র জারি করা হয়।

৮। উক্ত আবেদনের আলোকে (২০০৯-২০১০ হতে জুলাই/১৭ পর্যন্ত) বকেয়া প্রাপ্তির বিষয়ে প্রতিকার না পাওয়ায় ট্রেড ইন্সট্রাক্টর (বিল্ডিং মেইনটেন্যান্স) জনাব আমানত উল্লাহ প্রধান ও ল্যাব এ্যাসিসট্যান্ট জনাব মো: মাহাবুবুর রহমান কর্তৃক আলোচ্য কনটেম্পট পিটিশন নং- ৭৩৪/২০১৯ (রিট পিটিশন নং-১১২৫০/২০১২ হতে উদ্ভুত) মামলা দায়ের করা হয়। উক্ত কনটেম্পট মামলায় জনাব মুনশী শাহাবুদ্দিন আহমেদ, সচিব, টিএমইডি-কে ১ নং এবং জনাব রওনক মাহমুদ, ডিটি, ডিটিই-কে ২ নং কনটেম্পটনর রেসপনডেন্ট করা হয়েছে।

চলমান পাতা নং-০২

৯। রিট পিটিশন নং- ১১২৫০/২০১২ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক গত ১৩/১১/২০১৪ তারিখে প্রদত্ত রায়/আদেশ অমান্য করার দায়ে কনটেম্পটনর রেসপনডেন্ট কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না; সে মর্মে ০৫/০১/২০২০ তারিখ অথবা উক্ত তারিখে পূর্বে কারণ দর্শানোর জন্য কনটেম্পটনর রেসপনডেন্টগণের প্রতি রুলনিশি জারি করা হয়। উক্ত কনটেম্পট মামলার প্রেক্ষিতে বর্ণিত প্রতিষ্ঠানের বকেয়া প্রদানের নির্দেশনা চেয়ে ডিটিই হতে ১৩/০২/২০২০ তারিখে সূত্রোক্ত (৯) নং স্মারকে সচিব, টিএমইডি বরারব পত্র প্রেরণ করা হয়।

১০। উল্লেখ্য যে- রিট পিটিশন নং-১১২৫০/১২ মামলার বিগত ১৩.১১.২০১৪ তারিখের রায়/আদেশে জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা" ২০১০ এর চাহিত শর্তাদি পূরণ থাকা সাপেক্ষে ২০০৯-২০১০ অর্থ বছর হতে প্রতিষ্ঠানটি এমপিওভুক্ত করার নির্দেশনা প্রদান করা হয়েছে।

১১। একই বিষয় তথা ২০০৯-২০১০ অর্থ বছর হতে বকেয়া প্রাপ্তির দাবীতে **ভিন্ন নথিতে (নথি নং- ৫৭.০০.০০০০ .০৪৬.০৪.৩৬৮.১৪) রিট পিটিশন নং-১২৪৫৯/১৪ মামলা তথা** শেরপুর জেলার নকলা উপজেলাধীন ধুকুড়িয়া এ-জেড টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ কর্তৃক কোন আপত্তি উত্থাপন না করে অব্যাহতভাবে ০২ (দুই) বছর বেতন ভাতা (এমপিও) প্রাপ্তির পর বকেয়া প্রাপ্তির আবেদন দেরীতে করার কারণে ২০০৯-১০ অর্থবছর হতে বকেয়া বেতন ভাতা পরিশোধে করতে আইনগত বাধা আছে কী-না, সে বিষয়ে আইনগত মতামত প্রদানের জন্য আইন ও বিচার বিভাগকে অনুরোধ করা হয়।

১২। তৎপ্রেক্ষিতে আইন ও বিচার বিভাগ হতে রায়ে ২০০৯-২০১০ অর্থবছর হতে এমপিওভুক্ত করার নির্দেশনা থাকাকয় এবং উক্ত প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীদের বকেয়া বেতন ভাতা (সরকারি অংশের) ঐ বছর হতে প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেকে পারে" মর্মে মতামত প্রদান করা হয়।

১৩। যেহেতু আলোচ্য প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীগণকে আগস্ট/১৭ মাস হতে এমপিওভুক্তক্রমে বর্তমান এমপিও চালু আছে এবং যেহেতু মহামান্য হাইকোর্টের ১৩.১১.১৪ খ্রি. তারিখের আদেশে উক্ত প্রতিষ্ঠানটি ২০০৯-২০১০ অর্থ বছর হতে এমপিওভুক্তির নির্দেশনা রয়েছে এবং যেহেতু সরকার পক্ষে লীভ টু আপীল মামলা দায়ের হয়নি এবং যেহেতু আইন ও বিচার বিভাগ কর্তৃকও বকেয়া প্রদানের স্বপক্ষে মতামত ব্যক্ত করা হয়েছে সেহেতু রিট পিটিশন নং-১১২৫০/১২ মামলার বিগত ১৩.১১.২০১৪ তারিখে রায় অনুযায়ী এবং আইন ও বিচার বিভাগের সুস্পষ্ট মতামতের আলোকে বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীগণকে ২০০৯-২০১০ অর্থ বছর হতে জুলাই/১৭ পর্যন্ত সময়ের বকেয়া বেতন ভাতা (এমপিও) প্রদান আবশ্যক।

১৪। এক্ষণে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে-

(ক) রিট পিটিশন নং-১১২৫০/১২ মামলায় (যে মামলা হতে কনটেম্পট পিটিশন নং-৭৩৪/২০১৯ উদ্ভুত) মহামান্য হাইকোর্ট কর্তৃক ১৩.১১.১৪ তারিখে প্রদত্ত রায়/নির্দেশনা অনুযায়ী এবং আইন ও বিচার বিভাগ কর্তৃক বকেয়া প্রদানের স্বপক্ষে সুস্পষ্ট মতামতের আলোকে লালমনিরহাট জেলার কালীগঞ্জ উপজেলাধীন চাঁপারহাট টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেণ্ট কলেজ-এর এসএসসি (ভোকেশনাল) শাখা সংশ্লিষ্ট (উক্ত সময়ে প্রযোজ্য) শিক্ষক-কর্মচারীদেরকে ০১/০১/২০১০ হতে জুলাই/১৭ পর্যন্ত সময়ের বকেয়া বেতন-ভাতা'র সরকারি অংশ (এমপিও) বর্তমান বাজেট হতে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

(খ) রিট পিটিশন নং-১১২৫০/১২ মামলার ১৩.১১.১৪ তারিখের রায়/নির্দেশনা অনুযায়ী লালমনিরহাট জেলার কালীগঞ্জ উপজেলাধীন চাঁপারহাট টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেণ্ট কলেজ-এর এসএসসি (ভোকেশনাল) শাখা সংশ্লিষ্ট (উক্ত সময়ে প্রযোজ্য) শিক্ষক-কর্মচারীদেরকে বকেয়া প্রদানক্রমে অধিদপ্তরের নিজস্ব আইনজীবীর মারফত কনটেম্পট পিটিশন নং-৭৩৪/২০১৯ (রিট পিটিশন নং-১১২৫০/২০১২ হতে উদ্ভুত) সংশ্লিষ্ট আদালতকে অবহিতক্রমে টিএমইডি-কে অবহিত করা;

১৫। এমতাবস্থায়, ১৪ নং-অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনামতে ব্যবস্থা গ্রহণক্রমে গৃহীত ব্যবস্থা তথ্যাদি (প্রমাণকসহ) আগামি ৩০/০৩/২০২০ তারিখের মধ্যে টিএমইডি-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়-কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিয়া) ১৮/০৩/২০২০
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অধ্যক্ষ, চাঁপারহাট টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেণ্ট কলেজ, উপজেলা- কালীগঞ্জ, জেলা- লালমনিরহাট।
৬। অফিস কপি/মাস্টার কপি।